ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

20 JUNE 2025 7:35 AM IST

==================================================================

ভারতীয় জনতা পার্টির রাজ্য সভাপতি দিলীপ শইকিয়া গতকাল গুয়াহাটীর অটল বিহারী বাজপেয়ী ভবনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে রাজ্য সমিতির নতুন কর্মকর্তাদের নাম ঘোষনা করেছেন । শ্রীশইকিয়া দলে ১০ জন উপ-সভাপতি , চারজন সাধারণ সম্পাদক ,১০ জন সম্পাদক ,কোষাধ্যক্ষ এবং কার্যালয় সম্পাদক সহ সোসিয়েল মিডিয়া তত্বাবধায়কের নাম ঘোষনা করেন । দলের মুখপাত্র , মিডিয়া আহ্বায়ক এবং কার্যালয় তত্বাবধায়কের নামও সাংবাদিক সম্মেলনে ঘোষণা করা হয় । আগামী ১০ দিনের মধ্যে দলের আটটি মোর্চার সভাপতিদের নামও ঘোষনা করা হবে বলে শ্রী শইকিয়া জানান । এদিকে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে এক বার্তায় নবনির্বাচিত আধিকারিকদের অভিনন্দন জানিয়েছেন ।

---

কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে জনগনের সুবিধার্থে শিলচর-কালাইন সড়কের ভাংগারপার অঞ্চলে বিকল্প সড়কের ব্যবস্থা করেছে । ভাংগারপার অঞ্চলে পরিস্থিতি নিয়ন্ত্রনে রাখতে সি আর পি এফ বাহিনী মোতায়েন করা

হয়েছে । এদিকে রাজ্যের বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই গতকাল ঘটনাস্থল পরিদর্শন করে জনগনের অসুবিধা সর্ম্পকে অবগত হয়েছেন এবং ম্যাজিষ্ট্রেট পর্য্যায়ের তদন্তের নির্দেশ দিয়েছেন । মন্ত্রী শ্রী রাই আরো জানান যে বিকল্প সড়ক সংস্কারের জন্য ইতিমধ্যে দুই কোটী টাকার অনুমোদন দেওয়া হয়েছে ।

মন্ত্রী শ্রী রাই জানান ------ **বাইট**

---

রাজ্যের শ্রমিক কল্যান , চা বাগান ও আদিবাসী কল্যান বিভাগের তথা ডিমা হাসাও জেলার অভিভাবক মন্ত্রী রূপেশ গোয়ালা গতকাল হাফলং-এ উত্তর কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদের সভাকক্ষে একটি পর্য্যালোচনা বৈঠকে অংশগ্রহন করেন । পর্য্যালোচনা বৈঠকে মন্ত্রী শ্রীগোয়ালা জেলার বিভিন্ন বিভাগের শীর্ষ আধিকারীকদের সঙ্গে উন্নয়ন মূলক প্রকল্পের বাস্তবায়নের অগ্রগতি নিয়ে আলোচনা করেছেন । সভায় রাজ্যের শক্তি, ক্রীড়া ও যূব কল্যান বিভাগের মন্ত্রী নন্দিতা গারলোসা , জেলা আয়ুক্ত শ্রীমন্ত কুমার দাস প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

রাজ্যের খাদ্য , গণবন্টন ও গ্রাহক পরিষেবা ও বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই আজ শ্রীভূমি জেলা সফর করবেন । আজ সকাল ১১টায় মন্ত্রী শ্রীরাই শ্রীভূমি পৌছে জেলা আয়ুক্তের কার্য্যলয়ের

সভাকক্ষে পর্য্যালোচনা বৈঠকে অংশ নেবেন । বৈঠক শেষে মন্ত্রী শ্রীরাই শ্রীভূমি থেকে শিলচরে বিজেপি কার্য্যলয়ে চলে আসবেন ।

---

কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে আগামীকাল একাদশ আর্ন্তজাতিক যোগ দিবস শিলচর ইন্ডিয়া ক্লাবের ইন্ডোর স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে । এবছর যোগ দিবসের ভাবনা হচ্ছে- এক বিশ্ব -এক স্বাস্থ্য । জেলায় এবছরের যোগ দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠানে বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই , সাংসদ পরিমল শুক্লবৈদ্য প্রমূখ উপস্থিত থাকবেন । এবছর যোগ দিবসের অনুষ্ঠান শুরু হবে সকাল সাড়ে পাঁচটায় । এরপর সকাল সাড়ে ৬টায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ভাষন সরাসরি সম্প্রচার , সকাল ৭টা থেকে ৭টা ৪৫ মিনিট পর্য্যন্ত যোগ প্রদর্শনী অনুষ্ঠিত হবে । এরপর রয়েছে পুরষ্কার বিতরনী অনুষ্ঠান ।

---

শ্রীভূমি জেলা প্রশাসনের উদ্যোগে এবং জেলার স্বাস্থ্য বিভাগের সহযোগীতায় আগামীকাল, ২১শে জুন শ্রীভূমি শহরের বিপিন পাল সভাগৃহে আর্ন্তজাতিক যোগ দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । । উল্লেখ্য আগে এই অনুষ্ঠান জেলা ক্রীড়া সংস্থার -র ইন্ডোর স্টেডিয়ামে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল । আগামীকাল সকাল ৭টা থেকে যোগ ব্যায়ম প্রর্দশিত হবে ।

এদিকে হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে এবছর আর্ন্তজাতিক যোগ দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠান স্থানীয় টাউন হলে অনুষ্ঠিত হবে ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আজ বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে বিষ্ণু প্রসাদ রাভা দিবস পালন করা হবে । এ উপলক্ষ্যে জেলার সব শিক্ষা প্রতিষ্ঠানে কলাগুরু বিষ্ণু প্রসাদ রাভার জীবনাদর্শন নিয়ে সেমিনার ,কুইজ , রচনা ও অংকন প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে । পাশাপাশি একটি প্রচার গাড়ির মাধ্যমে জেলা জুড়ে রাভা সংগীত প্রচার করা হবে । হাইলাকান্দি শহরের এস এস কলেজে আয়োজিত এক অনুষ্ঠানের মাধ্যমে রাভা দিবস উপলক্ষ্যে রাজ্য সরকারের কেন্দ্রীয় অনুষ্ঠানের সম্প্রচার বড় পর্দায় দেখানো হবে । এছাড়া শহরে জনসংযোগ বিভাগের মাইক যোগে রাভা সংগীত প্রচার করা হবে ।

---

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের ব্যবস্থাপনায় এবং ময়নাগড়ের স্বামী বিবেকানন্দ ক্লাবের সহযোগীতায় আগামী ২৩শে জুন ময়নাগড় চা বাগান নাচঘরে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে। শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

এদিকে শিলচরের চৌধুরী আই হসপিটালের উদ্যোগে আগামী ২২ শে জুন বড়খলা বিধানসভা কেন্দ্রের হরিণছড়া বাগান দূর্গা মন্ডপে অনুরূপ বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটিও সকাল ১০টায় শুরু হবে ।

==========================================================================================